

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯৪৯

পরিচ্ছেদঃ যে কেউ হজ্জ বা উমরা করবে তার শেষ আমল যেন বায়তুল্লাহ সংশ্লিষ্ট হয় ।

باب مَا جَاءَ مَنْ حَجَّ أُوِ اعْتَمَرَ فَلْيَكُنْ آخِرُ عَهْدِهِ بِالْبَيْتِ

আরবী

حَدَّثَنَا نَصِرُ بُنُ عَبْدِ الرَّحْمَنِ الْكُوفِيُّ، حَدَّثَنَا الْمُحَارِبِيُّ، عَنِ الْحَجَّاجِ بُنِ أَرْطَاةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بُنِ الْبَيْلَمَانِيِّ، عَنْ عَمْرِو بُنِ أَوْسٍ، عَنِ الْحَارِثِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَوْسٍ، عَنِ الْحَارِثِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَوْسٍ، قَالَ سَمِعْتُ النَّبِيُّ صلى الله عليه وسلم يَقُولُ " مَنْ حَجَّ هَذَا الْبَيْتَ أَوْ اعْتَمَرَ فَلْيَكُنْ آخِرُ عَهْدِهِ بِالْبَيْتِ " . فَقَالَ لَهُ عُمَرُ خَرَرْتَ مِنْ يَدَيْكَ سَمِعْتَ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَلَمْ تُحْبِرْنَا بِهِ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ . قَالَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَلَمْ تُحْبِرْنَا بِهِ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عَبَّاسٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَرِيبٌ . وَهَكَذَا رَوَى غَيْرُ وَاحِدٍ عَنِ الْحَجَّاجِ بْنِ أَرْطَاةَ مِثْلَ هَذَا وَقَدْ خُولِفَ الْحَجَّاجُ فِي بَعْضِ هَذَا الْإِسْنَادِ .

বাংলা

৯৪৯. নাসর ইবনু আবদির রহমান আল- কূফী (রহঃ) হারিছ ইবনু আবদিল্লাহ্ ইবনু আওস (রাঃ) থেকে বর্ণিত যে, তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম- কে বলতে শুনেছি যে, যে কেউ এই ঘরের হজ্জ বা উমরা করবে তার শেষ আমল যেন এই বায়তুল্লাহ সংশ্লিষ্ট হয়। - এই বর্ণনাটি মুনকার, তবে "উমরা করবে" এই শব্দ ব্যাতিত হাদিসের অর্থ সহিহ, সহিহ আবু দাউদ ১৭৪৯, যইফা ৪৫৮৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৯৪৬ [আল মাদানী প্রকাশনী]

উমর (রাঃ) তখন তাকে (হারিছ ইবনু আবৃদল্লাহকে) বললেন, তোমার লজ্জিত হওয়া উচিত যে, রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে তুমি এই বিষয়টি শুনেছ অথচ আজো আমাদেরকে তা জানাও নি। এই বিষয়ে ইবনু আব্বাস (রাঃ) থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হারিছ ইবনু আবদিল্লাহ ইবনু আওস (রাঃ) বর্ণিত হাদিসটি গারীব। হজ্জাজ ইবনু আরতাত (রহঃ) থেকেও একাধিক রাবী অনূরুপ বর্ননা করেছেন, এই সনদের কিছু অংশে হাজ্জাজের বিপরীত বর্ণনা করা হয়েছে।

English



Al-Harith bin Abdullah bin Aws said:

"I heard the Prophet saying: 'Whoever performs Hajj to this House, or Umrah, then let the last of his acts be at the House'" So Umar said: "May your hand be humiliated! You heard this from the Messenger of Allah but did not inform us of it?"

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন